আলমডাঙ্গায় চিকিৎসকের দেয়া মেয়াদোত্তীর্ণ কৃমিনাশক ওষুধ খেয়ে ৯টি ভেড়ার মৃত্যু

আলমডাঙ্গায় চিকিৎসকের দেয়া মেয়াদোত্তীর্ণ কৃমিনাশক ওষুধ খেয়ে এক শারীরিক প্রতিবন্ধীর ৯টি ভেড়ার মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে আলমডাঙ্গা উপজেলার রামচন্দ্রপুর গ্রামে ওই ঘটনা ঘটে।

মেয়াদোত্তীর্ণ কৃমিনাশক ওষুধ খেয়ে অসুস্থ হওয়ার পর ভেড়াগুলো জবেহ করার চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। এতে দিশেহারা হয়ে পড়েছেন ভেড়ার মালিক শারীরিক প্রতিবন্ধী হুমায়ুন কবির। যথাযত ক্ষতিপূরণসহ মামলার প্রস্তুতি নিচ্ছেন তিনি।

হুমায়ুন কবরী জানান, আমি খুব গরীব মানুষ। দীর্ঘদিন ধরে ভেড়া পালন করি। বর্তমানে আমার ৩০ টি ভেড়া ছিল। এরমধ্যে কিছু ভেড়া অসুস্থ হয়ে পড়ে।

আমি বুধবার সকালে পরামর্শ নিতে আলমডাঙ্গা ভেটেনারি ট্রেনিং ইনস্টিটিউটের চিকিৎসক মাসুদ আলী খানের কাছে যাই। তিনি এভিনেক্স পাউডার দেন। ওই পাউডার ৩ ভাগের দুই ভাগ বাদ দিয়ে এক ভাগ অসুস্থ ভেড়াকে খালি পেটে খাওয়াতে বলেন তিনি।

বৃহস্পতিবার সকালে পাউডারটি খাওয়ানোর সাথে সাথে ছটফট করে ৯টি ভেড়ার মৃত্যু হয়। এর মধ্যে ১ টি মেড়া, ৩ টি খাসি ভেড়া, ২টি পাটি ভেড়া ও ৩টি ধাড়ি ভেড়া রয়েছে।

তিনি আরও জানান, ওই ঘটনার পর আমি স্থানীয়দের ওষুধটি দেখায়। ওষুধটি মেয়াদ নেয় বলে জানান তারা। আমি এর যথাযথ ক্ষতিপূরণ চাই। এ বিষয়ে আমি থানায় মামলা করবো।

মেয়াদ উত্তীর্ণ ওষুধ দেয়ার বিষয়টি স্বীকার করে আলমডাঙ্গা ভেটেনারি ট্রেনিং ইনস্টিটিউটের চিকিৎসক (এসএএলও) মাসুদ আলী জানান, এভিনেক্স পাউডারটি রেনেটা কোম্পানির। এটি কৃমিনাশক পাউডার। তবে, দেয়ার সময় খেয়াল করিনি যে মেয়াদ শেষ হয়ে গেছে। গত ২০২১ সাল পর্যন্ত ওই ওষুধের মেয়াদ ছিল।

এবিষয় আলমডাঙ্গা প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি জানান,

ভুল বশত কারণে ভেড়া গুলো অসুস্থতার পাশাপাশি মৃত্যু হয়েছে। ভুক্তভোগী একজন গরিব মানুষ। তাকে কিছু ক্ষতিপূরণ দেবার জন্য আমার আলোচনা করছি।

গাংনীতে টাকার বদলে বিষ ! প্রবাসীর স্ত্রী মৃত্যুশয্যায়

প্রবসী স্বামীর দেয়া জমানো পাওনা টাকা চাইতে গেলে পাওনাদারকে টাকা না দিয়ে বিষ খেয়ে মরতে বলে দেনাদার। অবশেষে রাগে ও ক্ষোভে ওই বিষপান করে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন প্রবাসীর স্ত্রী রেক্সোনা খাতুন (৩০)।

রেক্সোনা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে। ঘটনাটি ঘটেছে গত বুধবার সন্ধ্যারাতে গাংনী উপজেলার হাড়াভাঙ্গা পশ্চিমপাড়ায়। রেক্সোনা ওই গ্রামের সৌদ প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী।

জানা গেছে , জিয়ারুল ইসলাম বিগত ৫ বছর আগে সৌদি আরবে পাড়ি জমায়। সেখান থেকে যা আয় হয় তা স্ত্রী রেক্সোনার কাছে জমা রাখে বাড়ি তৈরীর জন্য। এভাবে ৯ লাখ ৫০ হাজার টাকা জমা হয়।

ওই টাকা প্রতিবেশি হার্ডওয়ার ব্যবসায়ি মিজানুর রহমানের কাছে রড সিমেন্ট কেনার জন্য জমা রাখেন রেক্সনা। কিছু টাকা ব্যাংক এশিয়াতে জমা রাখার জন্যও মিজানুর রহমানকে দেন।

চতুর মিজানুর ওই টাকা জমা না দিয়ে বিভিন্ন মোবাইল থেকে ব্যাংকের নাম লিখে ভুয়া মেসেজ রেক্সোনার মোবাইল ফোনে প্রেরণ করে।

এদিকে স্বামি জিয়ারুল বিদেশ থেকে বাড়ি আসেন গেল ২৬ মার্চ। পরে এ টাকার হিসেব চান রেক্সোনার কাছে। রেক্সোনা মিজানুরের কাছে টাকার বিষয় জানতে চান রড সিমেন্ট কবে দেবেন ও টাকা ফেরত দিতে বলেন।

এসময় মিজানুর টাকা না দিয়ে রেক্সোনার হাতে বিষের বোতন ধরিয়ে

দেন এবং বিষ খেয়ে মরতে বলেন। হার্ডওয়ার ব্যাবসায়ী মিজানুরের প্রতারনায় দিশেহারা হয়ে ওঠে রেক্সেনা।

টাকা হারানোর শোক এবং স্বামীর কাছে টাকার হিসেব দেয়া নেয়া সেই সাথে মিজানুরের বিষের বোতল হাতে তুলে দেয়াটাকে ভালভাবে গ্রহণ করতে পারেনি রেক্সোনা।

অবশেষে ওই দোকানেই বিষপান করেন তিনি। রেক্সোনার মামা নাহারুল ও ভাতিজি আলমাস তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে। বর্তমানে রেক্সোনার অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক খোকন রেজা।

বিষয়টি নিয়ে এলাকায় সমালোচনার সৃষ্টি হয়েছে এবং একজন মানুষের আমানতের খেয়ানতকারির শাস্তির দাবী জানিয়েছে এলাকাবাসী।

স্থানীয়রা আরো জানায় মিজানুর রহমান এলাকায় এর আগেও বহু মানুষের সাথে প্রতারণা করে আঙ্গুল ফুলে কলাগাছ বনে গেছেন। ইতোপুর্বে এক নারীর সাথে অনৈতিক কাজে লিপ্ত থাকার অপরাধে গ্রাম্য সালিশে তার বিচার হয়।

মিজানুর রহমানকে এবিষয়ে জানতে একাধিকবার মোবাইলে যোগাযোগ করা হলে এবং তার গ্রামে গিয়ে খোঁজ করা হলে তিনি আত্নগোপন করায় মন্তব্য লেখা সম্ভব হয়নি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, এবিষয়ে থানায় কেউ অভিযোগ করেনি। তবে অভিযোগ করলে ওই নারীকে আইনী সহয়তা প্রদান করা হবে।

কুষ্টিয়ায় হারিয়ে যাওয়া মোবাইল ফোন এবং প্রতারণার মাধ্যমে হাতিয়ে নেওয়া টাকা

উদ্ধার

কুষ্টিয়া থেকে বিভিন্ন সময়ে হারিয়ে যাওয়া ২৩ টি বিভিন্ন ধরনের ব্রান্ডের মোবাইল ফোন এবং প্রতারণার মাধ্যমে হাতিয়ে নেওয়া ৭৫ হাজার টাকা উদ্ধার করে সকলের হাতে ফেরত দিয়েছে কুষ্টিয়া জেলা পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়া পুলিশ লাইন্সে সংবাদ সম্মেলনে কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম এসব তথ্য জানিয়েছেন।

তিনি বলেন , কুষ্টিয়া জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেষ্টিগেশন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অতিরিক্ত পুলিশ সুপার রাজিবুল ইসলাম নির্দেশনায় ইনচার্জ পুলিশ পরিদর্শক মোঃ আনিসুল ইসলাম এর নেতৃত্বে একটি কৌচস দল তথ্য প্রযুক্তির মাধ্যমে দেশের বিভিন্ন স্থান থেকে ২৩ টি মোবাইল ও ৭৫ হাজার টাকা উদ্ধার করেন।

তিনি বলেন , আমি খুবই প্রাউইড ফিল করি। অর্থ সংক্রান্ত কোন অপরাধ, মোবাইল ছিনতাই চুরি ও হারিয়ে যাওয়া এসব উদ্ধারে তৎপর কুষ্টিয়া জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেষ্টিগেশন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা।

কুষ্টিয়ার সকল থানা থেকে হারানো এসব নিয়ে প্রাপ্ত জিডিগুলো সিসিআইইউ তে ফরোয়ার্ড দেওয়া হয়। তারপর এ নিয়ে কাজ করা হয়। কুষ্টিয়ার বাইরে ঢাকা সহ দেশের বিভিন্ন জেলা থেকে এসব মোবাইল ফোন ও বিকাশে প্রতারণার মাধ্যমে হাতিয়ে নেওয়া টাকা উদ্ধার করা হয়।

তিনি আরও বলেন , পুলিশ জনগণের সেবায় সবসময় নিয়োজিত থাকবে বলে তিনি জানান।
মোবাইল ফিরে পাওয়ায় জেলা পুলিশ ও কুষ্টিয়া জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেষ্টিগেশন ইউনিটের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ পেয়েছেন তারা –পুলিশ সুপার রাফিউল আলম

বাংলাদেশ পুলিশ বাহিনীতে মেহেরপুর জেলায় ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে চাকরি পেলেন ১৮ জন চাকরি প্রার্থী।

বুধবার সকাল ১০ টার দিকে লিখিত পরীক্ষার ফলাফল ঘোষনার পর উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে।

মৌখিক পরীক্ষা শেষে ০৩ জন নারী ও ১৫ জন পুরুষসহ মোট ১৮ জন প্রার্থীকে ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে প্রাথমিক ভাবে নির্বাচন করা হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম প্রাথমিকভাবে নির্বাচিত ১৮ জন চাকরি ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) প্রার্থীদের হাতে নিয়োগপত্র দেন এবং তাদের ফুল দিয়ে অভিনন্দন জানান। এসময় মেহেরপুর জেলা পুলিশের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পুলিশ সুপার মোঃ রাফিউল আলম বলেন, কোনো ধরনের তদবির বাণিজ্য ছাড়াই শতভাগ স্বচ্ছতা ও নিরপেক্ষতার মধ্য দিয়ে মেধা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ প্রক্রিয়াটি সম্পন্ন করা হয়েছে।

তিনি আরো বলেছেন, ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) নিয়োগে বাংলাদেশ পুলিশের মাননীয় ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার) যে নিয়োগ পদ্ধতি চালু করে দিয়েছেন তা স্বচ্ছতা নিশ্চিত করার জন্য যথেষ্ট।

“চাকরী নয়, সেবা” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুর জেলায় ট্রেইনি রিক্রুট কনস্টেবল (টিআরসি) পদে চাকরি পেলেন ১৮ জন চাকরি প্রার্থী। মেহেরপুর জেলার সম্মানিত পুলিশ সুপার জনাব মোঃ রাফিউল আলম মহোদয়ের সার্বিক তত্তাবধানে স্বচ্ছতা এবং যোগ্যতার ভিত্তিতে ১৮ জন চাকরিপ্রার্থী প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন।

‘প্রজেক্ট তৃষ্ণা’ অনেকের বিশুদ্ধ পানির ভরসা

মানুষসহ প্রতিটি প্রাণীর জীবনধারণের জন্য পানির প্রয়োজন অপরিহার্য। আর এই বিশুদ্ধ খাওয়ার পানি ‘প্রজেক্ট তৃষ্ণা’র কার্যক্রমকে আরও বেগবান করে তুলতেই নিরলসভাবে কাজ করছে স্মাইল ইন লাইফের সভাপতি মো . বাপ্পী।

তাঁর ঐকান্তিক প্রচেষ্টায় গ্রাম এলাকার প্রান্তিক জনগোষ্ঠির মাঝে টিউবয়েল সরবরাহ করে সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করছে।

কুষ্টিয়ায় গেল এক বছরে অন্তত একশোটির বেশি ‘প্রজেক্ট তৃষ্ণা’ নামে বিশুদ্ধ খাওয়ার পানির টিউবওয়েল স্থাপন করেছে। আরও বেশ কিছু স্থাপনের কাজ চলমান রয়েছে।

ফিড মি ’র অর্থায়নে এ কাজে সহযোগিতা করছে ফুটস্টেপস বাংলাদেশ নামের একটি সংগঠন। কুষ্টিয়ার একটি সামাজিক সংগঠন স্মাইল ইন লাইফ গ্রামাঞ্চলে অবহেলিত মানুষের দ্বারপ্রান্তে পৌঁছে দিচ্ছে।

এলাকা ঘুরে দেখা গেছে রাস্তার ধারে কিংবা মোড়ে, মসজিদের সাথে, কবরস্থানে এমনকি মাঠে কৃষকদের প্রয়োজনেও এই সংস্থার উদ্যোগে স্থাপন করা টিউবওয়েল থেকে পানি সংগ্রহ করে তৃষ্ণা মেটাচ্ছে সাধারণ মানুষ।

মিরপুর উপজেলার নওপাড়া গ্রামের জিকে ক্যানেল মোড়ে স্থাপন করা হয়েছে প্রজেক্ট তৃষ্ণার নলকূপ। সেখানে গিয়ে দেখা যায়, মাঠ থেকে আগত কৃষক কিংবা পথচারীরা এসে এখান থেকে পানি পান করছেন।

সেখানে স্থাপন করা টিউবওয়েলের হ্যান্ডেলের সাথে রাখা আছে একটি মগ। সেই মগে করে মানুষ খাচ্ছে আবার সেখানেই রেখে দিচ্ছে। গ্রাম পর্যায়ে প্রান্তিক মানুষের তৃষ্ণা মেটাতে এমন উদ্যোগকে সাধুবাদ জানিয়েন স্থানীয়রা।

আবুল কাশেম নামের এক কৃষক বলেন, মাঠে কাজ করার সময় প্রচণ্ড গরমে অনেক তৃষ্ণা লাগে। তখন একটু পায়ে হেটে এসে এখান থেকে পানি পান

করার পর বুকটা জুড়িয়ে যায়। এই মাঠের কোনে ক্যানেলের ধারে যারা এই টিউবওয়েল দিয়েছে তাদের যেন মঙ্গল হয় বলেও দোয়া করেন সেই কৃষক।

স্মাইল ইন লাইফের সভাপতি মো. বাপ্পী বলেন, প্রয়োজনীয় বিশুদ্ধ পানির অভাবে অনেক রকমের শারীরিক সমস্যা দেখা দিতে পারে। শুধু তাই নয়, পানি পর্যাপ্ত পরিমাণে পান করলে আমাদের পিপাসা মেটানোর পাশাপাশি শরীরের পানি শূন্যতাও দূর হয়। ফলে শারীরিক ক্লান্তি দূর হয় এবং শক্তিও ফিরে আসে। পানি রক্ত ও রক্ত কণিকায় অক্সিজেন এবং অন্যান্য পুষ্টি উপাদান সরবরাহ করে।

তিনি বলেন, আমরা স্বেচ্ছাসেবকদের মাধ্যমে খোঁজখবর নিচ্ছি আসলে গ্রামাঞ্চলের কোথায় প্রয়োজন বিশুদ্ধ পানির টিউবওয়েলের। যেমন ধরুন, গ্রামের কৃষক পথচারীদের জন্য মাঠের কোণে, রাস্তার মোড়ে কিংবা ছোট মুদি দোকানির আশপাশে যেখান থেকে সহজেই মানুষ বিশুদ্ধ খাওয়ার পানি পেতে পারে তেমন জায়গায় টিউবওয়েল স্থাপন করা হচ্ছে।

এতে করে কিন্তু সেই এলাকার জনসাধারণের পানির চাহিদা মেটাতে সক্ষম হচ্ছে। আর এগুলো সম্ভব হচ্ছে কেবল ফুটস্টেপস বাংলাদেশ নামের সংগঠনের সার্বিক সহযোগিতায়।কুষ্টিয়ায় গেল এক বছরে অন্তত একশোটির বেশি ‘প্রজেক্ট তৃষ্ণা’ নামে বিশুদ্ধ খাওয়ার পানির টিউবওয়েল স্থাপন করেছি এছাড়াও চলমান রয়েছে এই প্রকল্পটি।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের জৈষ্ঠ চিকিৎসক ডা. এএসএম মুসা কবির বলেন, শরীরের তাপমাত্রার ভারসাম্য রক্ষা করার ক্ষেত্রে পানির ভূমিকা অপরিসীম। পানি আমাদের হজমশক্তি বাড়ায়, ফলে কোষ্ঠকাঠিন্য দূর হয় এবং পরিপাকতন্ত্র সুস্থ থাকে। পানি শরীরের কিডনিতে পাথর হওয়া থেকেও প্রতিহত করে। পানি রক্ত সঞ্চালন বৃদ্ধি করে ফলে রক্তচাপ নিয়ন্ত্রণে থাকে।

কিন্তু শরীর পানিশূন্য হয়ে গেলে অনেক ধরনের শারীরিক সমস্যা দেখা দিতে পারে। শরীরে ইলেক্ট্রোলাইট এর ইমব্যালেন্স হতে পারে। এতে করে তীব্র মাথাব্যথা হয়ে থাকে অনেকেরই। তাই তীব্র জ্বরের সময় পর্যাপ্ত পরিমাণে বিশুদ্ধ পানি পান করা উচিৎ।

মেহেরপুর শহরে পৃথক সংঘর্ষে নারীসহ ৬ জন আহত

মেহেরপুর শহরের গোরস্থানপাড়া এলাকায় বাড়ির উঠোনে ছাগল বাঁধা কে কেন্দ্র করে দুই পক্ষের সৃষ্ঠ সংঘর্ষে উভয়পক্ষের ৬ জন আহত হয়েছেন। আহতদের মেহেরপুর -২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসা দেওয়া হয়েছে।

আহতরা হলেন , মেহেরপুর শহরের গোরস্থানপাড়া এলাকার মঈন উদ্দিনের ছেলে আব্দুল মালেক , আবদুল মালেকের ছেলে ইমরান হোসেন , রিপন আলী ও মেয়ে তানিয়া খাতুন , আনোয়ার হোসেন ও সিদ্দিকের ছেলে আমিরুল ইসলাম। বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শিরা জানান , আনোয়ার হোসেন প্রতিবেশী মালেকের বাড়িতে একটি ছাগল বাঁধে। এঘটনাকে কেন্দ্র করে উভয়ের মধ্যে কথা কাটাকাটি হয়। কথা কাটাকাটির একপর্যায়ে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এতে উভয় পক্ষের ৬ জন আহত হন।

পরে খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেন। আহতদের উদ্ধার করে মেহেরপুর -২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসা ভর্তি করেন।

দর্শনায় এমপি ছেলুনের রোগমুক্তি কামনায় দোয়া অনুষ্ঠিত

দর্শনায় চুয়াডাঙ্গা -১ আসনের সংসদ সদস্য ও জেলা আ .লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলাইমান হক জোয়ার্দার ছেলুন (এমপি’র) রোগ মুক্তি ও শারিরীক সুস্থতা কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বাদ যোহর দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন চত্বরের

ইমিগ্রেশন ভবনের সামনে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা আ .লীগ আয়োজিত দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন , দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ .লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু , চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ ’লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু , সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হাজী সহিদুল ইসলাম , দর্শনা পৌর আ.লীগের সাবেক সিনিয়র সহ -সভাপতি আমির হোসেন (সি ,আই), দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই -বাছাই কমিটির আহব্বায়ক বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী , দর্শনা পৌর ১নং ওয়ার্ড আ .লীগের সাধারন সম্পাদক নেফাউর রহমান মন্টু , আ.লীগ নেতা জাহিদুল ইসলাম , দর্শনা সিএ্যান্ডএফ এ্যাসোসিয়সনের সভাপতি ও আ .লীগ নেতা আবুল কালাম , সাধারন সম্পাদক আতিয়ার রহমান হাবু , মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক মুনাজির হোসেন , ইদ্রিস আলী , বিল্লাল হোসেন , দর্শনা পৌর কাউন্সিলর ও রেলবাজার ব্যাবসায়ী কমিটির সাধারন সম্পাদক সাবির হোসেন মিকা , দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট , যুবলীগ নেতা আব্দুস সালাম ভুট্টো , শেখ আসফির রহমান মুন , দর্শনা সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ , সহ-সভাপতি বাকী বিল্লাহ , ছাত্রলীগ নেতা অপু সরকার, প্রমুখ। অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন দর্শনা ইসলাম বাজার বিহারী জামে মসজিদের মুয়াজ্জিন জসীম উদ্দিন।।

হরিণাকুন্ডুতে এসডিএফ ’র উদ্যেগে আলোচনা সভা

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলা “সোস্যাল ডেভলেপমেন্ট ফাউন্ডেশন ” (এসডিএফ) শাখার উদ্যোগে ৩ নং তাহেরহুদা ইউনিয়ন পরিষদ ভবনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সংস্থার জেলা ব্যবস্থাপক কাজী হাসানুজ্জামানের সভাপতিত্বে , হরিনাকুন্ডুর ক্লাস্টার অফিসার (ভারপ্রাপ্ত) মাহাবুব হোসেনের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন , ৩ নং

তাহেরহুদা ইউপি চেয়ারম্যান মুনজুর রাশেদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সংস্থার জেলা কর্মকর্তা অসীম কুমার সাহা , সংস্থার অন্য জেলা কর্মকর্তা হুমায়ুন কবির , ভবানীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান , সংরক্ষিত মহিলা মেম্বার সাকিরন নেছা , প্যানেল চেয়ারম্যান মতিয়ার রহমান , ইউপি সদস্য খলিল মোল্লা , আরিফ, আব্দুর রাজ্জাক রাজা , হাফিজুর রহমান , আক্তার , সোনাসহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ।

আলোচনা সভায় প্রধান অতিথি মনজুর রাশেদ বলেন , এসডিএফ সংস্থা অর্থ মন্ত্রণালয়ের আর্থিক সহযোগিতার অলাভ জনক একটি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠান বিভিন্ন প্রকল্পের মাধ্যমে গ্রাম্য দরিদ্র নারীদের ক্ষমতায়নের জন্য টিকসই সংগঠন তৈরির মাধ্যমে গ্রাম্য নারীদের উন্নয়নমুলক কাজ করে থাকে।

তিনি আরও বলেন এসডিএফ সংস্থার উন্নয়ন মূলক প্রতিটা কাজের সাথে আমি ও আমার ইউনিয়ন বাসী একাত্মতা করে সবসময় কাজ করবো।

অনুষ্ঠান শেষে সভাপতির বক্তব্যের মাধ্যমে কাজী হাসানুজ্জামান এসডিএফ সংস্থা সম্পর্কে ও কার্যক্রম প্রসঙ্গে বিশদ আলোচনা করেন , তিনি বলেন আমাদের এই সংগঠন মুলত গ্রামীন অসচ্ছল নারীদের ক্ষমতায়নের জন্য টিকসই সংগঠন তৈরির মাধ্যমে গ্রামীণ পরিবেশে নারীদের উন্নয়নে কাজ করার উদ্দেশ্য প্রতিষ্ঠিত একটা সংগঠন। এই সংগঠন মাত্র ৪ % লাভ্যাংশ হারে ঋন প্রদান করবে।

মেহেরপুরে জেলা ছাত্রদলের ইফতার ও আলোচনা সভা

বেগম খালেদা জিয়ার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে মেহেরপুর জেলা তৃণমূল ছাত্রদলের আয়োজনে ইফতার ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার মেহেরপুর পৌর ঈদগাহ পাড়াস্থ কুটুমবাড়ি মিলনায়তনে এ

আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মোহাম্মদ রাজন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবদল সদস্য মনিরুল ইসলাম মনি। এছাড়াও এ সময় সাবেক ছাত্রনেতা বিপুল, যুবদল নেতা বাদল, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, সহ সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দীন,৭ নং ওয়ার্ড ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক ফারদিন, ৫ নং ওয়ার্ড ছাত্রদলের সভাপতি কাঞ্চন মোহাম্মদ, মেহেরপুরে সদর থানা ছাত্রদলের নেতা মোঃ শাহানুর, মোঃ নয়ন, মোঃ জয়নাল,স্বপন, পৌর ছাত্রদল নেতা মোঃ ফুর্তি হাসান, উজ্জল হাসান, রাব্বি, তানভীর, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা মোঃ ইয়াসিন আলী, ইদ্রিস সহ অন্যান্য ইউনিটের সদস্যগণ উপস্থিত ছিলেন।

পরে সেখানে বেগম খালেদা জিয়ার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় ইফতার ও দোয়া অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুরে বিএনপি’র ইফতার মাহফিল অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয়তাবাদী দল বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত ও বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকালে কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপির আয়োজনে স্থানীয় ইকো ব্রিকস চত্তরে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান

খান শিমুল।

পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস.কে.এম সালাহ্উদ্দিন বুলবুল সিডলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক এসএম মশিয়ুর রহমান, সদস্য সচিব এ্যাড.এম.এ মজিদ, যুগ্ন-আহ্বায়ক আব্দুল মালেক, যুগ্ন-আহ্বায়ক মোঃ আক্তারুজ্জামান, যুগ্ন-আহ্বায়ক মোঃ জাহিদুজ্জামান মনা, সদর উপজেলার সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, ঝিনাইদহ পৌর বিএনপির সভাপতি আব্দুল মজিদ বিশ্বাস।

এছাড়াও জেলা বিএনপি’র সিনিয়র সদস্য মোঃ আবু বকর বিশ্বাস, থানা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ লিয়াকত আলী, সাংগঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মির্জা টিপুসহ কোটচাঁদপু, মহেশপুর, কালিগঞ্জ উপজেলা ও পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের রুহের মাগফিরাত ও বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় দোয়া করা হয়।